1.2 BEN بنغالي

সচেতনতামূলক

মক্কার দর্শনীয় স্থানসমূহ

ভ্রমণ নির্দেশিকা



কৌশলগত অংশীদার

أوقاف
الهيئة العامة للأوقاف
GENERAL AUTHORITY FOR AWQAF

وزارة الحج والعمرة
MINISTRY OF HAJJ AND UMRAH

এই নির্দেশিকাটি নিম্নলিখিত ভাষায় পাওয়া যাচ্ছে। পছন্দের ভাষার ওপর ক্লিক করে আপনি সেটা ডাউনলোড করতে পারেন:

English
ENG

عربي
AR

বাংলা
BEN

Bahasa Indonesia
IND

Français
FRA

Hausa
HAU

Türkçe
TUR

اُرْدُوْ
URD

Español
SPN

Русский язык
RUS

Bahasa Malaysia
MAY

සිංහල භාෂාව
SIN

አማርኛ
AMH

فارسی
PER

o'zbek
UZB

हिंदी
HIN

সচেতনতামূলক

মক্কার দর্শনীয় স্থানসমূহ

ভ্রমণ নির্দেশিকা

পছন্দসই পৃষ্ঠায় যেতে যেকোনো শিরোনামে ক্লিক করুন



জাবালে নূর ও হেরা গুহা



সওর সাওর পর্বত



তানঈম মীকাতে অবস্থিত উম্মুল মুমিনীন আয়েশা- রাযিয়াল্লাহু আনহা- জামে মসজিদ



মসজিদুল বাইআহ (জামারাত)



আয়েশা রাজেহী জামে মসজিদ



কাবার গিলাফ (কিসওয়া) প্রদর্শনী




ক্লক টাওয়ার মিউজিয়াম

জরুরী নম্বরসমূহ

এই নির্দেশিকাতে আপনি মক্কা মুকাররমা ভ্রমণের গুরুত্বপূর্ণ তথ্য ও নির্দেশনা পাবেন।





জাবালে নূর ও হেরা গুহা

এটা সেই স্থান যেখানে আল্লাহ তায়ালা তাঁর নবী মুহাম্মাদ (সাঃ) কে নবুয়াতের মর্যাদায় অভিসিক্ত করেছেন।


নবুয়াতের আগে যেখানে তিনি আল্লাহর ইবাদত ও তাঁর সৃষ্টি নিয়ে ধ্যানে ডুবে থাকতেন।

এখানেই আল্লাহর পক্ষ থেকে ওহী নিয়ে জিবরীলের আগমন ঘটেছিল। আর এভাবে মানব সভ্যতার ইতিহাস পুরোপুরি বদলে গেলো।

তাঁর ওপর অবতীর্ণ সর্বপ্রথম বাণী ছিল:

﴿ٱقۡرَأۡ بِٱسۡمِ رَبِّكَ ٱلَّذِي خَلَقَ ١ خَلَقَ ٱلۡإِنسَٰنَ مِنۡ عَلَقٍ ٢ ٱقۡرَأۡ وَرَبُّكَ ٱلۡأَكۡرَمُ ٣ ٱلَّذِي عَلَّمَ بِٱلۡقَلَمِ ٤ عَلَّمَ ٱلۡإِنسَٰنَ مَا لَمۡ يَعۡلَمۡ ٥﴾

‘ পড় তোমার রবের নামে যিনি তোমাকে সৃষ্টি করেছেন। যিনি মানুষকে সৃষ্টি করেছেন জমাট রক্তপিণ্ড হতে। পড় তোমার প্রভু বড়ই অনুগ্রহশীল। যিনি কলম দ্বারা মানুষকে শিক্ষা দিয়েছেন যা সে জানতো না’। (সূরা আলাকঃ১-৫)



হেরা গুহার অবস্থান:

মসজিদে হারাম থেকে উত্তর দিকে জাবালে নূরের শিখরে।

মক্কা ও এর মাঝের দূরত্ব:

প্রায় ৪.৮ কিলোমিটার


উচ্চতা:

এটা ভূপৃষ্ঠ থেকে প্রায় ৬৩৪ মিটার উঁচুতে অবস্থিত।

হেরা গুহা মূলত:

পাহাড়ের একটি কোটর উত্তর দিকে যেটার দরজা।

- ৯ জন মানুষ এখানে একসঙ্গে বসতে পারে।
- এর উচ্চতা মাঝারি গড়নের মানুষের উচ্চতা পরিমাণ।



এই গুহা দর্শনের সঙ্গে হজের কোনো বিধি-বিধানের সম্পৃক্ততা নেই। এটা মুস্তাহাবও নয়। বয়োবৃদ্ধ ও অসুস্থদের জন্য এখানে পৌঁছা অত্যন্ত কষ্টকর।



সওর পর্বত

♦ সওর পর্বত মসজিদে হারামের দক্ষিণ দিকে অবস্থিত।

♦ মক্কা মুকাররমা থেকে ৪ কি.মি. দূরে।


♦ এর উচ্চতা প্রায় ৭৪৮ মিটার।

সওর গুহা এই পর্বতেই অবস্থিত

এটা সেই ঐতিহাসিক গুহা মুশরিকদের চোখ ফাঁকি দিয়ে মদীনায় হিজরতের সময় রাসূলুল্লাহ (সাঃ) সাহাবী আবু বকর রাযিয়াল্লাহু আনহুকে নিয়ে যে গুহাতে তিন রাত অবস্থান করেছিলেন। আল্লাহ তাআলা তাদেরকে সুরক্ষিত রেখেছিলেন। তিনি বলেন,

﴿ إِلَّا تَنصُرُوهُ فَقَدْ نَصَرَهُ اللَّهُ إِذْ أَخْرَجَهُ الَّذِينَ كَفَرُوا ثَانِيَ اثْنَيْنِ إِذْ هُمَا فِي الْغَارِ إِذْ يَقُولُ لِصَاحِبِهِ لَا تَحْزَنْ إِنَّ اللَّهَ مَعَنَا ۖ فَأَنزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَيْهِ وَأَيَّدَهُ بِجُنُودٍ لَّمْ تَرَوْهَا وَجَعَلَ كَلِمَةَ الَّذِينَ كَفَرُوا السُّفْلَىٰ ۗ وَكَلِمَةُ اللَّهِ هِيَ الْعُلْيَا ۗ وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ ﴾

‘আল্লাহ তাঁর সাহায্য করেছিলেন, যখন তাকে কাফেররা বহিষ্কার করেছিল, তিনি ছিলেন দু’জনের একজন, যখন তারা গুহার মধ্যে ছিলেন। তখন তিনি আপন সঙ্গীকে বললেন বিষন্ন হয়ো না, আল্লাহ আমাদের সাথে আছেন’। [সূরা তাওবা, আয়াত: ৪০]



সওর গুহা হলো:

- ১.২৫ মিটার উচ্চতার একটি শূন্যগর্ভ পাথর
- এটা পূর্ব ও পশ্চিম দুই দিক থেকে খোলা
- এটা সওর পর্বতচূড়ার উত্তর দিকে অবস্থিত

এই গুহা দর্শনের সঙ্গে হজের কোনো বিধি-বিধানের সম্পৃক্ততা নেই এটা মুস্তাহাবও নয়।

পথের দূরত্বের কারণে বয়স্ক ও অসুস্থদের জন্য সেখানে পৌঁছা নিদারুণ কষ্টসাধ্য ব্যাপার।

তানঈম মীকাতে অবস্থিত উম্মুল মুমিনীন আয়েশা- রাযিয়াল্লাহু আনহা- জামে মসজিদ

একটি ঐতিহাসিক মসজিদ। বিদায় হজের পরে উম্মুল মুমিনীন আয়েশা রাযিয়াল্লাহু আনহা যে স্থান থেকে ইহরাম বেঁধেছিলেন এটা সেখানে অবস্থিত।



♦ এটা মক্কা মুকাররমার পশ্চিম অংশে অবস্থিত।

♦ হারামে মক্কী থেকে ৭ কি.মি. দূরে।

♦ উত্তর দিক থেকে এটা হারামের সীমারেখা হিসেবে বিবেচিত।

♦ মক্কার লোকজন এখান থেকে হজ্জ ও উমরার ইহরাম বাঁধেন। কারণ হারামের সীমারেখার বাইরে এটাই তাদের সবচেয়ে নিকটবর্তী স্থান।



এই মসজিদের সর্বপ্রথম ভবন নির্মিত হয়: খলীফা মুতাওয়াককিলের যুগে (২৪০ হিজরীতে)

বাদশাহ ফাহাদ রহিমাহুল্লাহর আমলে এটা পুনর্নির্মিত হয়।

যদি কেউ একাধিকবার উমরা পালন করতে চান তবে নিচের অ্যাপের মাধ্যমে পারমিট গ্রহণের পরে তিনি এখান থেকে ইহরাম বাঁধবেন।

নুসুক অ্যাপ






মসজিদুল বাইআহ

(জামারাত)

এটি একটি ক্ষুদ্র প্রত্নতাত্ত্বিক মসজিদ। এখানেই হজের সময় মদীনার আনসারগণ রাসূলুল্লাহর (সাঃ)সঙ্গে মিলিত হয়ে তাঁর হাতে বাইয়াত নিয়েছিলেন। তাদের কাছে হিজরত করলে তাকে সহায়তা ও সুরক্ষার প্রতিশ্রুতি দিয়েছিলেন।

সর্বপ্রথম নির্মাতা: আব্বাসী খলীফা আবু জাফর মানসূর। ১৪৪ হিজরীতে।

অবস্থান: জামরায়ে আকাবা থেকে প্রায় ৫০০ মিটার দূরে।



এটি মূলত একটি ছাদবিহীন নামাজের স্থান। স্রেফ মিহরাব ও আঙ্গিনা রয়েছে।

আজও মসজিদটিতে কিছু প্রত্নতাত্ত্বিক নকশা বিদ্যমান রয়েছে।





আয়েশা রাজেহী

জামে মসজিদ

♦ এই মসজিদটি একটি পরিপূর্ণ জামে মসজিদের মডেল।

♦ এটি মক্কা মুকাররমা অঞ্চলের সবচেয়ে বড় মসজিদগুলোর একটি।

♦ এখানে নানান সেবা ও বিভিন্ন কার্যক্রম চালু রয়েছে।

অবস্থান:

মক্কা মুকাররমার নাসীম এলাকায়

উদ্বোধন কাল:

১৪৩৪ হিজরী

মসজিদের আয়তন:

৬০,৮৬৪ বর্গমিটার

বহির্গত আয়তন:

১০,০০০ বর্গমিটার

মুসল্লি সংখ্যা:

৪৭০০০

তলা সংখ্যা:

৬ তলা

এই জামে মসজিদের কিছু বৈশিষ্ট্য হলো:

- ♦ সামাজিক কর্মসূচি আয়োজন
- ♦ শিক্ষামূলক কর্মসূচি গ্রহণ
- ♦ বিভিন্ন মৌসুমে স্বেচ্ছাসেবা প্রদান
- ♦ অভ্যন্তরীন ও বিদেশী প্রতিনিধিদলসমূহের অভ্যর্থনা ও দাওয়াত






কাবার গিলাফ

(কিসওয়া) প্রদর্শনী

এটা কাবা শরীফের গিলাফ বুননের নানান ধাপ, কলাকৌশল, সেগুলোর ইতিহাস ও তাতে লেখা নানান আয়াত ও কারুকাজ ইত্যাদি প্রদর্শনের স্থান।

এখানে দর্শনার্থীদের জন্য যা রয়েছে:

- ♦ গিলাফে লিখিত আয়াতগুলোকে কাছ থেকে দেখা।
- ♦ কাবার চারপাশের গিলাফগুলোকে বিস্তারিতভাবে দেখা।
- ♦ গিলাফের ইতিহাস পর্যালোচনা ও নানান প্রাচীন অংশ দেখা।



♦ কাবা ও কাবা শরীফের গিলাফের খেদমতে সৌদি আরবের ভূমিকা অবলোকন করা।

♦ সৌদি আরবে গিলাফ তৈরি ও সেগুলো পরিবর্তনের ওপর ভিডিওচিত্র দেখা।



মাঝেমধ্যে দর্শনার্থীগণ গিলাফ বুননের কাজে অংশগ্রহণের সৌভাগ্যও লাভ করেন।



অবস্থান:

কাবার গিলাফ তৈরির কারখানা ও প্রদর্শনী কেন্দ্র মক্কা শহরের জেদ্দা রোডে অবস্থিত।

লোকেশনের জন্য এখানে ক্লিক করুন





ক্লক টাওয়ার মিউজিয়াম

এটা মক্কা মুকাররমার সবচেয়ে উঁচু স্থান ক্লক টাওয়ারের ব্যালকনিতে অবস্থিত একটি জ্যোর্তিবিজ্ঞানের যাদুঘর।

উদ্বোধন:

রমজান মাস ১৪৪০ হিজরী

যাদুঘরের তলা:

প্রথম তলা:

মক্কা টাওয়ার সংশ্লিষ্ট তথ্যসমূহ (নির্মাণ, বৈশিষ্ট্য, প্রযুক্তি) প্রদর্শনীর জন্য।




দ্বিতীয় তলা:

সময়ের হিসাব ও সময় জানার জন্য মানুষের নানান আবিষ্কারের প্রদর্শনী।




তৃতীয় তলা:

সূর্য,পৃথিবী ও চন্দ্র সংশ্লিষ্ট নানা বিষয়ের প্রদর্শনী।



চতুর্থ তলা:

গোটা বিশ্ব জগত (তারা-নক্ষত্র, কক্ষপথ, গ্রহ-উপগ্রহ, মহাকাশ সম্পর্কিত যাবতীয় তথ্য) প্রদর্শনীর জ ন্য।



এই প্রদর্শনী মহাকাশ বিজ্ঞানে মুসলিম বিজ্ঞানীদের অবদান গুরুত্বের সঙ্গে তুলে ধরে।

প্রয়োজনীয় নম্বরসমূহ

911

জরুরি ও নিরাপত্তা সেবার জন্য

937

চিকিৎসা সংক্রান্ত পরামর্শ ও জিজ্ঞাসার জন্য

920002814

আল্লাহর মেহমানদের জিজ্ঞাসার জবাবের জন্য
হজ্জ ও উমরা মন্ত্রণালয়ের যোগাযোগ কেন্দ্র

1966

মসজিদে হারাম ও মসজিদে নববী সংক্রান্ত
অনুসন্ধানের জন্য

হজ্জের অন্যান্য সকল নির্দেশিকা হজ্জ ও উমরা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বিদ্যমান (এখানে ক্লিক করুন)। এসব নির্দেশিকাতে সুষ্ঠু ও সুন্দরভাবে হজ্জ সম্পন্ন করতে প্রয়োজনীয় সকল তথ্য ও দিক-নির্দেশনা বিদ্যমান।



কৌশলগত অংশীদার

أوقاف
الهيئة العامة للأوقاف
GENERAL AUTHORITY FOR AWQAF

هيئة الهلال الأحمر السعودي
SAUDI RED CRESCENT AUTHORITY

وقاية
هيئة الصحة العامة
PUBLIC HEALTH AUTHORITY

وزارة الصحة
Ministry of Health

الدفاع المدني

هيئة الزكاة والضريبة والجمارك
Zakat, Tax and Customs Authority

SFDA
الهيئة العامة للغذاء والدواء
Saudi Food & Drug Authority

الهيئة العامة للنقل
TRANSPORT GENERAL AUTHORITY

আল্লাহ আপনাদের আমল ও প্রচেষ্টাগুলো কবুল করুন

দিক-নির্দেশনামূলক অন্যান্য তথ্যের জন্য
সামাজিক যোগাযোগ মাধ্যমে
আমাদের একাউন্টগুলো অনুসরণ করুন

Haj.gov.sa | @HajMinistry

وزارة الحج والعمرة
MINISTRY OF HAJJ AND UMRAH